দূরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

## কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -

তারিখঃ

# সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ০৩ সময়ঃ বেলা ২ টা

তাং - ২৬।০৮।২০১৫ স্থানঃ পৌরসভা সভা কক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (২ নং)কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ক
(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৩) ADP (2015 - 16) পেশ ও সিদ্ধান্ত গ্রহন।
(৪) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৫) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৬) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়ক।
(৭) বিবিধ।

**উপস্থিতিঃ**

* পৌরপ্রধানঃ শ্রী রথীন ঘোষ
* উপ পৌরপ্রধানঃ শ্রী সুদীপ মিত্র

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | শ্রীমতী ফরিদা বিবি | (১৪) | শ্রী সুশান্ত রায় |
| (২) | শ্রী নিমাই চন্দ্র ঘোষ | (১৫) | শ্রী কিশোর কুমার রায় |
| (৩) | মহঃ জুম্মান আলী | (১৬) | শ্রীমতী রাধারানী দত্ত |
| (৪) | শ্রীমতী মমতা রায় সেন | (১৭) | মহঃ আব্দুল মান্নান |
| (৫) | শ্রী অমিত রায় চৌধুরী | (১৮) | শ্রী প্রহ্লাদ কুমার দত্ত |
| (৬) | শ্রীমতী বর্ণালী দাস বিশ্বাস | (১৯) | শ্রীমতী আত্রেয়ী গুহ |
| (৭) | শ্রী পঙ্কজ কান্তি চন্দ | (২০) | শ্রী শ্যামল দাশগুপ্ত |
| (৮) | শ্রীমতী মীরা দাস | (২১) | শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত |
| (৯) | শ্রী সনৎ বিশ্বাস | (২২) | শ্রীমতী দীপান্বিতা দত্ত |
| (১০) | শ্রী অরবিন্দ মিত্র | (২৩) | শ্রী প্রকাশ রাহা |
| (১১) | শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস | (২৪) | শ্রীমতী সুতপা ব্যানার্জী |
| (১২) | শ্রীমতী ষষ্ঠী বৈরাগী | (২৫) | শ্রীমতী সোমা মন্ডল |
| (১৩) | শ্রী আশীষ মল্লিক | | |

**অন্যান্য উপস্থিতিঃ** * শ্রী হিমাংশুপ্রভ রায় - নির্বাহী আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী প্রাক্তন রাষ্ট্রপতি ও বিশিষ্ট বিজ্ঞানী এ.পি.জে. আব্দুল কালাম মহাশয়ের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য সভায় উপস্থিত সকল সদস্য এক মিনিট নীরবতা পালন করে।

জিরো আওয়ারে শ্রী সনৎ বিশ্বাস বলেন হাসপাতাল সহ অফিসে কর্মরত অস্থায়ী কর্মীদের বেতন বৃদ্ধি ও বেতন বৈষম্য দূর করার বিষয়ে কি ভাবনা চিন্তা করলেন ?

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন Conservancy দপ্তরের ড্রাইভার ও শ্রমিকদের পারিশ্রমিক বৃদ্ধি করা হয়েছে। বাকীদের ক্ষেত্রে এক্ষুনি করা সম্ভবপর হচ্ছে না। Revised Budget করার পর ভাবনাচিন্তা করা হবে। বেতনবৈষম্যের ব্যাপারে বলেন নিয়োগ করার সময় disparity ছিল।একবারে সম্ভব নয়। ধাপে ধাপে চেষ্টা কর হবে বলে জানান।

শ্রীমতী আত্রেয়ী গুহ জানতে চান খাদ্য সুরক্ষার Form জমা দেওয়ার সময় বাড়ানো হবে কি ? খাদ্য দপ্তরের যুগ্ম সচিবের নির্দেশিকা দেখিয়ে আরো বলেন নির্দেশিকায় যা আছে আর বাস্তবে যেভাবে কাজ হচ্ছে তাতে মিল থাকছে না। Form Verification এর জন্য ২ জন করে Civic Volunteer নিয়োগের ব্যাপারে মাননীয় পৌরপ্রধানের বক্তব্য জানতে চান ?

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ৩১ শে ~~ডিসেম্বর~~ (জানুয়ারী) শেষ দিন Form জমা করার । আমরা প্রতিদিন যা জমা নিচ্ছি তা প্রতিদিন জানাতে হয়। Civic Volunteer নিয়োগের ব্যাপারে বলেন পৌরসভার কোন ভূমিকা নেই । Police Authority থেকে সরকারী নির্দেশিকা অনুযায়ী list এসেছে।তাদেরকে একজন Muster Trainer ট্রেনিং দেবে। তারা ট্রেনিং অনুযায়ী কাজ করবে।সবটাই সরকারী স্তরে হচ্ছে বলে জানান।খাদ্য দপ্তরের যুগ্ম সচিবের নির্দেশিকা অনুযায়ী কাজ হচ্ছে বলে জানান।

শ্রী অমিত রায় চৌধুরী বলেন তাঁর ওয়ার্ডে ১৬ টি ব্লক।৯ টির তালিকা পেয়েছেন। ৭ টির তালিকা এখনও পাননি।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন তিনিও একটি ব্লকের তালিকা পাননি।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন যাঁরা পান নি তাঁরা শক্তিপদ নন্দীর সাথে যোগাযোগ করে নিয়ে নেবেন।

শ্রীমতী দীপান্বিতা দত্ত তাঁর ওয়ার্ডের একজন গরীবকে plustic surgery উপলক্ষে আর্থিক সাহায্য দেওয়ার জন্য মাননীয় পৌরপ্রধানকে ধন্যবাদ জানিয়ে আরো কোন সাহায্য করা যায় কিনা সে ব্যাপারে জানতে চান ?

শ্রী আশীষ মল্লিক বিরোধী দলনেতার ঘরের ব্যাপারে জানতে চান ও পৌরসভার Website Up To Date করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন Website Up To Date আছে।

শ্রী অমিত রায় চৌধুরী জানতে চান রাজীব আবাস যোজনার বর্তমান অবস্থা কি ?

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ১১৮ টি বস্তির মধ্যে ২ টি কে Pilot Project হিসাবে পাঠানো হয়েছিল। এখনও অনুমোদন হয় নি। আবার যাদের বাসস্থান নেই তাদের সকলের জন্য বাসস্থান প্রকল্প (House For All) এসেছে। এ ব্যাপারে ইঞ্জিনীয়ারদের ৩/৪ টি ট্রেনিং ও হয়েছে। তবে এ ব্যাপারে এখনও পূর্নাঙ্গ তথ্য পাইনি। তথ্য পেলে জানানো হবে।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন যশোহর রোডের ভ্যাটটি অস্থায়ীভাবে করার কথা ছিল। অনেক দিন হয়ে গেছে। ওখান থেকে যদি সরকার বাগানের মধ্যে স্থানান্তর করা হয় তাহলে ভালো হয়।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন Compactor Vehicle এর প্রস্তাব পাঠানো হয়েছে। আগামী দিনে যশোহর রোডে / সোদপুর রোডে / বাদু রোডে কোন ভ্যাট না রাখার পরিকল্পনা করা হবে বলে জানান।

শ্রী সনৎ বিশ্বাস বলেন কুকুরের সমস্যা ভয়াবহ আকার ধারন করেছে। যত্রতত্র কুকুর মরে থাকছে। যারা পরিষ্কার করছে তারা পৌরসভা থেকে কম অর্থ পাওয়ার কারনে স্থানীয়ভাবে ও টাকা নিচ্ছে। এ ব্যাপারে পৌরপ্রধানের বক্তব্য জানতে চান।

শ্রী অরবিন্দ মিত্র বলেন ৫০.০০ টাকা করে দেওয়া উচিত।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন দপ্তরের সাথে যোগাযোগ রাখবেন। অন্যথায় ওয়ার্ডের শ্রমিকরা বা অন্য কেউ পরিষ্কার করলে তাকে ৫০.০০ টাকা করে দেওয়া হবে।

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন আধার কার্ডের কাজ কবে থেকে শুরু হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন সুপ্রীম কোর্ট নির্দেশ দিয়েছেন আধার কার্ড আবশ্যক নয়। তবুও কাজ চলছে। আমাদের এখানেও শুরু হয়েছে। কবে কোন ওয়ার্ডে শুরু হবে তা নির্বাহী আধিকারিক আপনাদের জানিয়ে দেবেন।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান গত সভার (২ নং) কার্য্যবিবরনী অনুমোদনের প্রস্তাব দেন।

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন ৩ নং প্ল্যাটফর্মের পাশের ড্রেন পরিষ্কার করার সমস্যা এবং বহুতল বাড়ীর গ্রাউন্ড ফ্লোরের পার্কিং জোন revised plan করে বিক্রি করার ফলে তাদের গাড়ী রাস্তায় থাকছে। এটাকে বন্ধ করার জন্য পৌরপ্রধানের দৃষ্টি আকর্ষন করেছিলেন। কিন্তু কার্য্যবিবরনীতে লেখা হয় নি। অন্তর্ভূক্ত করার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন আপনার বক্তব্য সঠিক। কার্য্যবিবরনীতে অন্তর্ভূক্ত করা হবে।

সভায় উপস্থিত আর কোন সদস্য কোন প্রকার আপত্তি না জানানোয় শ্রী শ্যামল দাশগুপ্তের বক্তব্য দুটির অন্তর্ভূক্তি সহ বাকী সমস্ত সিদ্ধান্ত অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রকাশ রাহা মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) BSUP (Phase II & III) -র Cost Escalation সংক্রান্ত বিষয়ে রাজ্য সরকারের নিকট পৌরসভার পত্রাঙ্ক নং MM/Chair/679/AFC/12 - 13, dt. 20/07/2012 সাপেক্ষে রাজ্য সরকার প্রদেয় G.O. No. 153/KMDA/DGO/Genl. - 313 , dt. 24/07/2014 অনুযায়ী যে ৩৪৪.৮৮ কোটি টাকা অনুমোদিত হয়েছে সে বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত হল।

(ক) 2nd Phase এর যেখানে rate of tender Amount ১২% above ছিল সেখানে ১২% Physical Progress করার পর নির্দ্ধারিত অর্থ প্রদান করা হবে।

(খ) 3rd Phase এর ক্ষেত্রে যাদের tender Quantity ও Final Bill Complete হয়েছে তাদের ক্ষেত্রে নতুন M.B. ও Muster Roll এর মাধ্যমে নির্দ্ধারিত অর্থ প্রদান করা হবে।

(গ) এই বিষয়ে আগের সমস্ত নির্দেশ বাতিল বলে গন্য করা হল।

অনুমোদিত Scheme নিম্নে দেওয়া হল।

| Sl. No. | Name of Sub-head | Phase no. | Total Sanction Amount | No of Scheme | Sanction in each scheme | Amount will be paid | Amount Refund | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Community Centre | Phase- II | 12718444 | 51 | 249381 | 6483911 | 6234529 | 26 nos. has been completed |
| 2 | Drain | Phase- II | 2699883 | 35 | 77140 | 2699883 | - | All completed |
| 3 | C.C.Road | Phase- II | 1121470 | 26 | 43133 | 1121470 | - | All completed |
| 4 | Drain | Phase- III | 13917258 | 46 | 15% of Tender Amount of each scheme | 13917258 | - | All completed |
| 5 | Guard Wall | Phase- III | 4030883 | 13 | 15% of Tender Amount of each scheme | 4030883 | - | All completed |
| TOTAL | | | 344.88 | | | 28253405 | 6234529 | |

(২) যে সমস্ত কাউন্সিলরগন এখনও Ward Committee -র তালিকা জমা দেন নি তাদের কে দ্রুত তালিকা জমা দিতে হবে।

(৩) ADP 2015 - 16 পেশ ও সিদ্ধান্ত গ্রহনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ADP 2015 - 16 -র কপি আপনাদের সকলকে দেওয়া হয়েছে। আপনাদেরকে অনুমোদন দেওয়ার জন্য প্রস্তাব রাখছি।

সভায় উপস্থিত সকল সদস্য কোন প্রকার আপত্তি বা মতামত না দেওয়ায় মাননীয় পৌরপ্রধান প্রস্তাবিত ADP 2015 - 16 অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(৪) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(১) পৌর হাসপাতালে একটি নতুন 2 H.P. Submersable Pump Motor Set জরুরী ভিত্তিতে লাগানো হয়েছে যাহা অনুমোদিত হল।

(২) ২৮ নং ওয়ার্ডে পাইপ লাইন বাড়িয়ে একটি ওয়াশ আউট নির্মিত হয়েছে যাহা অনুমোদিত হল।

(৩) সোদপুর রোড, যশোহর রোড ও বাদুরোডে কিছু স্থানে পাইপ লাইন বিক্ষিপ্তভাবে বিপর্যস্থ হচ্ছে। ফলে সে গুলি সারানোর ব্যাবস্থা করা হচ্ছে এবং কিছু স্থানে রাস্তা পুনঃসংস্কার করা হচ্ছে। এ বাবদ প্রয়োজনীয় ব্যয় অনুমোদিত হল।

(৪) Tender No. : MM/WS/Chair/NIT/1180/15 - 16, dt. 17/07/2015 অনুমোদিত হলো।

(৫) Tender No. : MM/WS/Chair/NIT/1234/15 - 16, dt. 27/07/2015 অনুমোদিত হলো।

(৬) Compressor Operator শ্রী অশোক দে কে ৪৫০০.০০ টাকা মাসিক পারিশ্রমিকে নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৭) Tender No. : MM/WS/Chair/NIT/1180/15 - 16, dt. 17/07/2015 এ Sl. No. 12 তে ২০নং ওয়ার্ডের কাজে বর্দ্ধিত ব্যায় 8551.00 টাকা অনুমোদিত হলো।

(৮) পৌর নাগরিকদের ক্রমবর্ধমান চাহিদার বিষয় বিবেচনা করে আগামী ১লা সেপ্টেম্বর ২০১৫ হতে নলবাহী পানীয় জল সংযোগ বিষয়ে একই হোল্ডিং এ একাধিক সংযোগ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৯) পৌরসভার নথিভুক্ত প্লাম্বারদের বাড়ীর পানীয় জল সংযোগের মজুরী এবং রাস্তা পুনঃ সংস্কার বিষয়ক দর নিম্নলিখিত হারে ১ লা সেপ্টেম্বর ২০১৫ হতে কার্য্যকরী হবে।

| | |
|---|---|
| **Plumber Charges for New House Connection :** | |
| Slab | Rate |
| 1 M to 5 M | 650.00 |
| 6 M to 10 M | 725.00 |
| 11 M to 15 M | 825.00 |
| 16 M to 20 M | 850.00 |
| 21 M to 25 M | 875.00 |
| 26 M to 30 M | 925.00 |
| 31 M to 35 M | 950.00 |
| 36 M to 40M | 975.00 |
| Above 40m / 5 m | 150.00 |
| **In case of Concrete Road Add. Labour Charges** | |
| Every M | 30.00 |
| **Boring Charges** | |
| MCPL Road /M | 65.00 |
| MCPL Road (Wide) /M | 100.00 |
| PWD Road/M | 150.00 |
| Wall guard wall cutting each | 50.00 |
| **Shifting Of house connection** | |
| **Lifting of existing service line** | |
| 1 M to 5 M | 425.00 |
| 6 M to 20 M | 450.00 |
| 21 M to 30 M | 525.00 |
| 31 M to 40 M | 550.00 |
| Above 40 M/5M | 125.00 |
| In case of only plugging off without lifting the existing service line | 250.00 |
| **Changed new Connection charges as per New house connection rate** | |
| **House Connection Ferrule wash** | |
| Normal Road Upto 1st. point within 2M | 350.00 |
| Concrete Road Upto 1st. point within 2M | 400.00 |
| Add. Charges after 2m /Ft. | 3.50 |

In case of PWD Road (Badu Road, Sodepore Road, Jessore Road) washing charges, Rs.650.00 Min., In case of major work plumber charges to be considered as per Actual labour Consumption

| **Restoration Charge** | **Rate** |
|---|---|
| Trial Box on Earthen Road & Ferrule Chamber | 120.00 |
| Trial Box Bituminous / jhama Khoa | 300.00 |
| Concrete Road | 400.00 |
| Running length restoration / M | |
| Earthen Road | 50.00 |
| Bituminous / Jhama Khoa | 100.00 |
| Concrete Road | 150.00 |
| Drain wall/ guard wall cutting Each | 100.00 |

(১০) প্লাম্বার দিন আলির আবেদন সাপেক্ষে তাকে পুনঃনিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হল।

(১১) সাজিরহাট শশ্মান আলোকিতকরনের জন্যে চৈতন্য পার্কের মধ্যে ১৬ মিটারের একটি এল.ই.ডি. হাইমাস্ট Tender No. MM/EL/Chair/NIT/1600/15 - 16, dt. 13/08/2015 তে ৪০০০০০.০০ টাকা অনুমোদিত হলো , যা ADP (15-16) তে Own Sources Fund থেকে দেওয়া হবে।

(১২) অফিসের সামনের বল ফাউন্টেনটির এল.ইডি. করার জন্য Tender No. MM/EL/Chair/NIT/1601/15 - 16, dt. 13/08/2015 তে ৫৪৯৬০.০০ টাকা অনুমোদিত হলো , যা ADP (15-16) তে Own Sources Fund থেকে দেওয়া হবে।

(১৩) সাজিরহাট বৈদ্যুতিক চুল্লিটির পুনঃনবিকরনের জন্য আদেশনামা MM/Chair/WO/586/14-15, dt. 25/02/2014 তে Patra Electricals Pvt. Ltd. কে ১০০ দিনের মধ্যে কাজটি সম্পূর্ন করার কথা থাকলেও আজও সম্পূর্ন হয়নি। তার জন্য একটি চরমপত্র প্রেরন করা হয়েছে যার পত্রাঙ্ক নং MM/EL/Chair/1658/15-16, dt. 21/08/2015। আগামী ৭ দিনের মধ্যে সদুত্তর না পাওয়া গেলে, পূর্বের আদেশনামাটি বাতিল বলে গণ্য হবে। যাহা আজকের সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হল। আজকের সভায় আরোও সিদ্ধান্ত গৃহীত হল যে , অসম্পূর্ন কাজগুলি কয়েকটি গ্রুপে ভাগ করে টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করা হবে।

(১৪) পৌর এলাকায় প্রায় ১৫০০ টি CFL লাগানো আছে, বর্তমানে ঐ আলোগুলি রক্ষনাবেক্ষনের কাজে বিভিন্ন রকম অসুবিধা সৃষ্টি হওয়ার কারনে , তা পরিবর্তন করে LED (25W) সেট লাগানোর সিদ্ধান্ত গৃহীত হল। আদেশনামা MM/EL/Chair/Sup. Ord/1029/15 - 16 , dt. 25/06/2015 তে সাতটি পর্যায়ে ৯৪৫ টি সেট প্রাথমিকভাবে পূর্বাকার অনুমোদিত মূল্যে লাধুরাম তসনিওয়াল এন্ড সন্স থেকে ক্রয় বাবদ ৩৪,৪৯,২৫০.০০ টাকা ADP (2015 - 2016) Fund থেকে দেওয়া হবে।

(১৫) পৌর এলাকায় ২৮ নং ওয়ার্ডে কয়েকটি রাস্তায় এল.ইডি. দিয়ে আলোকিতকরনের উদ্দেশ্যে মাননীয় বিধায়কের সুপারিশে (i) Tender No. MM/EL/CHAIR/NIT/1232/15-16, DT. 27/07/2015 ও (i) Tender No. MM/EL/CHAIR/NIT/1233/15-16, DT. 27/07/2015 তে যথাক্রমে ৪৭৯৩২৮.০০ টাকা ও ১৫৩৫২১.০০ টাকা অনুমোদিত হল। যা বিধায়ক তহবিল থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৫) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) আগামী সেপ্টেম্বর ২০১৫ হতে প্রত্যেক ওয়ার্ডে মশা নিধনকারী ঔষধ স্প্রে করা হবে। প্রত্যেক শ্রমিককে ওয়ার্ড পিছু ১৮ দিন করে পারিশ্রমিক দেওয়া হবে।

(২) Tractor / Ambulance/JCB চালানোর জন্য চুক্তির ভিত্তিতে ড্রাইভার নিয়োগ করা হবে।

(৩) NUHM Orientation সভার ব্যয় অনুমোদিত হল। উক্ত প্রকল্পে ৩ টি HAU কে Primary Health Centre এ উন্নীত করা হবে। এছাড়াও ১ থেকে ৫ নং ওয়ার্ডের মধ্যে একটি UPHC তৈরী করা হবে। প্রকল্প বাস্তবায়েনের লক্ষে Part Time Medical Officer সহ অন্যান্য কর্মী নিয়োগ করা হবে।

(৪) NFSA / SECC বাস্তবায়নের জন্য বিভিন্ন ধরনের Form ছাপানো বাবদ যে ২৩৮৪৬৬.০০ টাকা ব্যয় হয়েছে তাহা অনুমোদিত হল। অনুমোদিত অর্থ পৌরতহবিল হতে ব্যয় করা হবে।

(৬) কমার্শিয়াল ও বিল্ডিং প্ল্যান অনুমোদক বিষয়কঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত কমার্শিয়াল বিল্ডিং প্ল্যানগুলি অনুমোদিত হলঃ-

২৯৩,২৪৪,২২০,১৬৫৩,৩৭৭,৪১৪,১৮৭০,৩৩০,৪১৮,৩৭৪,২২২৮,৪৯৮,৫০১,৪৯৬,৪৬৫, ৪৮৮, ৪৭৩, ৪৬৬, ৫৪৮, ৪৩৭, ২৬২, ৪৮৪, ৩৯৩, ৪১৬, ৩৪২, ২৩০, ৫১৬, ২২৯, ৫৩০, ৪২৯, ৩৩৮, ৩০০, ৪৯২, ৫৭৩, ১৯২৮।

(৭) বিবিধঃ
মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(১) মধ্যমগ্রাম চৌমাথা ও বাদু রোড সংলগ্ন এবং মধ্যমগ্রাম রেল স্টেশনের কাছে দুটি ভূগর্ভস্থ Underpass অনুমোদিত হওয়ায় বারাসাত লোকসভার মাননীয় সাংসদ শ্রীমতী কাকলী ঘোষ দস্তিদার মহাশয়াকে পৌরসভার পক্ষ থেকে ধন্যবাদ জানিয়ে চিঠি করা হবে।

(২) বহুতল নির্মানের ক্ষেত্রে Phasic Manner অনুযায়ী erection order না নিলে প্রতি তল বাবদ ৫০০০.০০ টাকা (পাঁচ হাজার) করে fine নেওয়া হবে।

(৩) NULM প্রকল্পে একটি সহায়তা কেন্দ্র খোলার জন্য DPR তৈরী করা হবে।

(৮) দরপত্র আহ্বান করে নিম্নলিখিত order এর মাধ্যমে যে সমস্ত দ্রব্য ক্রয় করা হয়েছিল তাহা অনুমোদিত হল এবং প্রয়োজনীয় অর্থ পৌরসভার নিজস্ব তহবিল থেকে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হলঃ-

| | | |
|---|---|---|
| (i) | MM/2180/Electric/03/2015-16, dt. 22/06/15 | Amount : 228400.00 |
| (ii) | MM/2199/Conservancy/07/2015-16, dt. 30/07/15 | Amount : 112875.00 |
| (iii) | MM/2203/Office Stationary/17/2015-16, dt. 30/07/15 | Amount : 49300.00 |
| (iv) | MM/2210/Electric/04/2015-16, dt. 07/08/15 | Amount : 81560.00 |
| (v) | MM/2211/Elecric/05/2015-16, dt. 07/08/15 | Amount : 26500.00 |
| (vi) | MM/2212/Electric/06/2015 - 16, dt. 07/08/15 | Amount : 54880.00 |
| (vii) | MM/2220/Conservancy/10/2015-16, dt. 21/08/15 | Amount : 75000.00 |
| (viii) | MM/2221/Printing/07/2015-16, dt. 24/08/15 | Amount : 30690.00 |

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ____________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

কার্য্য নির্বাহী আধিকারিক
মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪ পরগণা

মধ্যমগ্রাম পৌরসভা
মধ্যমগ্রাম
উত্তর ২৪ পরগণা

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা